

আইআইইউসি'র প্রশিক্ষণ উদ্বোধনী অনুষ্ঠানে ড. মোঃ দেলাওয়ার হোসেন

## প্রাথমিক চিকিৎসার প্রশিক্ষণ গ্রহণ করা মানে মানবসেবার ব্রত নেয়া

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি)'র প্রো ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ দেলাওয়ার হোসেন বলেছেন, যোগ্যতা বৃদ্ধিতে প্রশিক্ষণের কোন বিকল্প নেই। প্রাথমিক চিকিৎসার প্রশিক্ষণ গ্রহণ করা মানে মানবসেবার ব্রত নেয়া। তিনি আরও বলেন কেবল পুঁথিগত বিদ্যায় সীমবদ্ধ থাকলে মেধার বিকাশ হয়না।

আজ মঙ্গলবার কুমিরাস্থ স্থায়ী ক্যাম্পাসে লাইব্রেরী হলে আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি)-এর স্টুডেন্ট এ্যাকাডেমিক ডিভিশন (স্ট্যাড) ও আইসিআরসি আয়োজিত তিন দিন ব্যাপী প্রাথমিক চিকিৎসা প্রশিক্ষণ প্রোগ্রামের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে প্রফেসর ড. মোঃ দেলাওয়ার হোসেন এ অভিমত ব্যক্ত করেন। স্টুডেন্ট এ্যাকাডেমিক ডিভিশন (স্ট্যাড) এর পরিচালক আ. জ. ম ওবায়েদুল্লাহর সভাপতিত্বে অনুষ্ঠিত ছাত্রীদের জন্য এই আয়োজনে প্রধান আলোচক হিসেবে বক্তব্য রাখেন আইসিআরসি ঢাকার হেড অব কমিউনিকেশন মিসাদা সাইফ। প্রশিক্ষণ প্রদান করেন সাবিনা ইয়াসমিন, রায়হানা সুলতানা তমা ও আমিনুল ইসলাম। অনুষ্ঠান সঞ্চালনা করেন স্টুডেন্ট এ্যাকাডেমিক ডিভিশন (স্ট্যাড) এর অতিরিক্ত পরিচালক মোঃ মামুনুর রশিদ।



প্রধান অতিথির বক্তব্যে আইআইইউসি'র প্রো ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ দেলাওয়া হোসেন বলেন, প্রশিক্ষণ দেয়া ও নেয়া দুটোই জরুরী। প্রাথমিক চিকিৎসা বিষয়ে জ্ঞানার্জন মানবসেবায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। তিনি বলেন, যে কোন প্রশিক্ষণ মানব কল্যাণে নিবেদিত হওয়া প্রয়োজন।

প্রধান আলোচকের বক্তব্যে আইসিআরসি ঢাকার হেড অব কমিউনিকেশন মিসাদা সাইফ বলেন, আইসিআরসি মানবিক মর্যাদাকে সম্মুখ রাখতে কাজ করে যাচ্ছে। বিশ্বে অনেক দেশে এখনও মানবতা ভুলুষ্ঠিত। এখনও অনেক দেশে মানুষের মৃতদেহ কুকুরে খায়। এই বিপন্ন মানবতার পাশে দাঁড়ায় আইসিআরসি। কোরআন ও হাদীসেও এই মানবকল্যাণে নিবেদিত হওয়ার জন্য বারবার তাগিদ দেয়া হয়েছে। ---প্রেস বিজ্ঞপ্তি